

NYC পাবলিক স্কুলগুলোতে কী কী ঘটছে

[عرض هذه الوثيقة باللغة العربية](#) / [এই নথি বা ডকুমেন্টটি বাংলায় দেখুন](#) /

[查看本文件的中文版](#) / [Consultez ce document en français](#) / [Gade dokiman sa a an kreyòl ayisyen](#) /

[이 문서를 한국어로 보기](#) / [Consulte este documento en español](#) /

[به دستاویز اردو میں ملاحظہ کریں](#) / [Перевод документа на русский язык](#)

schools.nyc.gov/messagesforfamilies

4 মার্চ, 2022

কোভিড-19 (COVID-19) মহামারী চলাকালে নিউ ইয়র্ক সিটি পাবলিক স্কুলসমূহ খোলা রাখতে এবং ছেলেমেয়েদের জন্য সবচেয়ে নিরাপদ স্থানসমূহের মধ্যে একটি হিসেবে বজায় রাখতে, আমাদের “নিরাপদে থাকুন, সবকিছু চালু রাখুন” (স্টেট সেইফ, স্টেট ওপেন) পরিকল্পনাটি সফল হয়েছে। সকল নিউ ইয়র্কবাসীদের পাশাপাশি, আমাদের স্কুলগুলো সংক্রামণের হার হ্রাস করতে তাদের অংশটুকু পালন করেছে। আমরা আনন্দের সাথে ঘোষণা দিচ্ছি যে ফলশ্রুতিতে, বর্তমান নির্দেশনা অনুযায়ী আমরা আমাদের স্কুলগুলোর বর্তমান কোভিড-19 (COVID-19) স্বাস্থ্য ও সুরক্ষা নীতিতে পরিবর্তন আনতে যাচ্ছি।

বিষয়সূচি:

- **COVID-19 জনিত স্বাস্থ্য ও সুরক্ষা**
 - [মাস্ক নীতিতে হালনাগাদসমূহ](#)
 - [পারস্পরিক দূরত্ব বজায় রাখা \(সোশ্যাল ডিস্টেনসিং\)](#)
 - [দর্শনার্থী বিষয়ক নীতি](#)
 - [টিকা গ্রহণ \(ভ্যাকসিনেশন\)](#)

COVID-19 জনিত স্বাস্থ্য ও সুরক্ষা

নাক-মুখের আবরণ (মাস্ক) পরিধান বিষয়ক নীতিতে হালনাগাদসমূহ

আমরা আনন্দের সাথে ঘোষণা দিচ্ছি যে, সোমবার, 7 মার্চ থেকে স্কুল প্রাঙ্গনে কিভারগার্টেন থেকে 12 গ্রেডের শিক্ষার্থীদের জন্য নাক-মুখের আবরণ (মাস্ক) পরিধান হবে ঐচ্ছিক।

আমাদের স্টাফ ও শিক্ষার্থীদের নিরাপত্তা বজায় রাখতে, আমরা কোভিড-19 (COVID-19) সংক্রান্ত কঠোর চর্চাসমূহ অব্যাহত রাখবো, এতে রয়েছে ভেন্টিলেশন (বাতাস সরবরাহ), দৈনিক সুস্থতা যাচাইকরণ বা হেলথ স্ক্রিনিং, এবং টেস্ট কিট বিতরণ। স্কুলের অভ্যন্তরে, বাহিরে, এবং স্কুল বাসে একটি নাক-মুখের আবরণ (মাস্ক) পরিধান ঐচ্ছিক হয়ে যাবে।

কেহ যদি মাস্ক পরিধান করতে চায় তবে করতে পারে, এবং আপনার সন্তান প্রয়োজন বোধে তার স্কুল থেকে একটি মাস্ক অনুরোধ করতে পারে।

ভবনের অভ্যন্তরে বাধ্যতামূলকভাবে মাস্ক পরিধানের নীতি LYFE, আর্লিলার্ন (ছোট শিশু (ইনফ্যান্ট) এবং সদ্য হাঁটতে শেখা শিশু (টডলার)), 3-K, প্রি-K, এবং 4410 ক্লাসরুমগুলোতে অংশগ্রহণকারী ছেলেমেয়েদের জন্য বহাল রয়েছে। এই ছেলেমেয়েরা, দুই এবং এরচেয়ে বেশি বয়সী, এবং এই ক্লাসরুমগুলোর সকল স্টাফদের, অবশ্যই ভবনের অভ্যন্তরে একটি নাক-মুখের আবরণ (মাস্ক) পরিধান অব্যাহত রাখতে হবে। যেহেতু পাঁচ বছরের কম বয়সী ছেলেমেয়েরা এখনও টিকা বা ভ্যাকসিন দেয়ার জন্য যোগ্য নয়, সেহেতু আমাদের ক্ষুদ্রে শিক্ষার্থীদের জন্য কোভিড-19 (COVID-19) মোকাবিলায় নাক-মুখের আবরণ (মাস্ক) এখনও সবচেয়ে কার্যকরী প্রতিরক্ষা।

অতিরিক্তভাবে, কোনও স্টাফ সদস্য অথবা কিন্ডারগার্টেন কিংবা উচ্চতর গ্রেডের কোনও শিক্ষার্থী, যার কোভিড-19 (COVID-19) পরীক্ষার ফলাফল পজিটিভ এসেছে অথবা COVID-19-এর উপসর্গসমূহ দেখা দিয়েছে, তারা কোনও কোভিড টেস্ট গ্রহণ না করে ষষ্ঠ (6) দিন স্কুলে ফিরে আসলে, তাদের এখনও স্কুল প্রাঙ্গণে দশম (10) দিন পর্যন্ত সর্বক্ষণ একটি যথাযথ ফিট হয় এমন মাস্ক পরিধান বাধ্যতামূলক।

যেসব স্টাফ সদস্য অথবা শিক্ষার্থী জানেন যে তারা বিগত দশ (10) দিনের মাঝে কোভিড-19 (COVID-19) সংক্রামিত কারো কাছাকাছি এসেছেন, তাদের নাক-মুখের আবরণ (মাস্ক) পরিধানে জোর সুপারিশ করা হচ্ছে। মেডিক্যাল রুম ও নার্সের অফিসের পাশাপাশি স্কুল-ভিত্তিক স্বাস্থ্য বা হেলথ সেন্টারসমূহে মাস্ক পরিধান এখনও বাধ্যতামূলক। নার্সের কাছে প্রবেশকারী সকলের জন্য প্রয়োজনানুযায়ী মাস্ক লভ্য থাকবে।

পারস্পরিক দূরত্ব বজায় রাখা (সোশ্যাল ডিস্টেনসিং)

ক্লাসরুম, ক্যাফেটেরিয়া ও অডিটোরিয়াম সহ সর্বসাধারণের জন্য স্থানসমূহে পারস্পরিক দূরত্ব বজায় রাখার (সোশ্যাল ডিস্টেনসিং) বাধ্যবাধকতা নেই।

দর্শনার্থী বিষয়ক নীতি

দর্শনার্থীদের একটি DOE ভবনে প্রবেশ করতে হলে এখনও টিকাদান বা ভ্যাকসিনেশনের প্রমাণ প্রদর্শন এবং দৈনিক সুস্থতা যাচাইকরণ সম্পন্ন করা (healthscreening.schools.nyc.gov) বাধ্যতামূলক।

টিকা গ্রহণ (ভ্যাকসিনেশন)

স্মরণ করিয়ে দিচ্ছি, কোভিড-19 (COVID-19) রোধে এবং আমাদের স্কুলগুলোকে আমাদের সকল শিক্ষার্থীর জন্য নিরাপদ রাখার সবচেয়ে গুরুত্বপূর্ণ হাতিয়ার হলো টিকাগ্রহণ বা ভ্যাকসিনেশন। 5 এবং এরচেয়ে বেশি বয়সী ছেলেমেয়েরা কোভিড-19 (COVID-19) টিকা বা ভ্যাকসিন দেয়ার যোগ্য। যদি আপনার সন্তান কোভিড-19 (COVID-19) টিকা বা ভ্যাকসিন দেয়ার যোগ্য হয়ে থাকে কিন্তু এখনও টিকা বা ভ্যাকসিন গ্রহণ করেনি, তবে vaccinefinder.nyc.gov -এ অথবা 311 নম্বরে ফোন করে আপনার নিকটবর্তী টিকাকেন্দ্রে (ভ্যাকসিন সাইটে) আপনি একটি অ্যাপয়েন্টমেন্ট করতে পারেন। অভিবাসন অথবা স্বাস্থ্য-বিমার অবস্থা যাই হোক না কেন, সকল নিউ ইয়র্কবাসীকে এই টিকা বা ভ্যাকসিনটি বিনামূল্যে দেয়া হবে। আপনার অব্যাহত অংশীদারিত্বের জন্য ধন্যবাদ।

NYC ডিপার্টমেন্ট অভ এডুকেশন